

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৮.০০.০০০০.০১৬.০৬.০০৮.১০-৩৯৪

তারিখঃ ২২-০২-২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ সচিব সভায় গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন সংক্রান্ত।

- সূত্রঃ (১) মন্ত্রিপরিষদ বিভাগের আধা সরকারি পত্র সংখ্যা ০৪.০০.০০০০.৭১২.০৬.০১০.১৬(১)-১২১, তারিখঃ ০৭-১২-২০১৬।
(২) নৌপম এর পত্র নং- নং-১৮.০০.০০০০.০১৬.০৬.০০৮.১০-২৪, তারিখঃ ০৩-০১-২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে গত ২৮ নভেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত সচিব সভায় গৃহীত নিম্নোক্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ সদয় অবগতি ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত ২নং পত্রের মাধ্যমে প্রেরণ করা হয়। দপ্তর/সংস্থা সমূহ সংশ্লিষ্ট উক্ত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি 'ছক' মোতাবেক আগামী ০২ (দুই) কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
(১) ই-জিপিতে এখনও যুক্ত হয়নি এমন মন্ত্রণালয়/বিভাগ/ক্রয়কারী সংস্থা আগামী ১৫-১২-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ই-জিপিতে যুক্ত হওয়ার লক্ষ্যে সিপিটিইউ-এ প্রস্তাব প্রেরণ করবে;	
(২) যেসব মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহ সিপিটিইউ-এ নিবন্ধিত হয়েছে ও কর্মকর্তারা প্রশিক্ষণ গ্রহণ করেছে, উক্ত মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহ আগামী ২০-১২-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ই-জিপির মাধ্যমে ক্রয়কার্য পরিচালনা কার্যক্রম শুরু করবে;	
(৩) যেসব মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহ Project Management Information System (PIMS) সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের লক্ষ্যে আইটি ও উন্নয়ন সংশ্লিষ্ট কর্মকর্তা এবং প্রকল্প পরিচালকগণের প্রশিক্ষণের মনোনয়ন প্রস্তাব বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করেনি তারা আগামী ২০-১২-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে উপযুক্ত কর্মকর্তার মনোনয়ন প্রস্তাব বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করবে;	
(৪) ই-জিপির উপর প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তাদের অত্যাবশ্যিক না হলে অন্যত্র বদলি না করার বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বিবেচনা করবে;	
(৫) মন্ত্রিসভা কমিটিসহ অন্যান্য গুরুত্বপূর্ণ নীতি নির্ধারনী সভায় আমন্ত্রিত কর্মকর্তা ব্যাতিত সচিবগণ অন্য কোন কর্মকর্তাকে অংশগ্রহণ করা থেকে বিরত রাখবেন;	
(৬) মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে সচিব সভা আয়োজনের লক্ষ্যে সচিবগণ উপস্থাপনযোগ্য এজেন্ডা প্রেরণ করবে।	

Rully
২২-০২-২০১৭
(রেবেকা সুলতানা)

সিনিয়র সহকারী সচিব(প্রশাসন-১)

ফোন: ৯৫১৫৫৫১

sas.admin1@mos.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। চেয়ারম্যান, চবক/মোবক/বাস্থবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/জাতীয় নদী রক্ষা কমিশন।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন/বাণিজ্যিক/উন্নয়ন), নৌ-পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, বিআইডব্লিউটিএ ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ঢাকা।
- ৬। কমানডেন্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
- ৭। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।